গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন-৪ শাখা
www.moha.gov.bd



স্মারক নং- ৪৪.০০.০০০০.০০০.১৩৭.১১.০০০২.২০.১৫৯/(ক)

তারিখ: ০২ ভাদ্র ১৪৩৩ / ১৭ আগস্ট ২০২৬

বিষয়: সাব-এসিস্ট্যান্ট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ারের শূন্য পদের ছাড়পত্র প্রদান।

সূত্র: বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের স্মারক নং-৫৮.০১.০০০০.১০১.১১.০০৭.২০২১.৩৮৫, তারিখ: ১১.০৩.২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪.১১.২০১০ তারিখের ০৫.১৬৬.০২২. ০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬(২৫০) সংখ্যক পরিপত্র অনুযায়ী সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদের ১০% পদ সংরক্ষণপূর্বক নিম্নোক্ত ছক মোতাবেক বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের 'সাব-এসিস্ট্যান্ট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার' (গ্রেড-১০) এর ০৫ (পাঁচ)টি শূন্য পদে সরাসরি পন্থায় জনবল নিয়োগের নিমিত্ত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলো:

| পদের নাম ও গ্রেড | মঞ্জুরীকৃত পদ | সরাসরি প্রক্রিয়ায় নিয়োগের মাধ্যমে পূরণযোগ্য | বিদ্যমান জনবল | বর্তমান শূন্য পদের সংখ্যা | ১০% পদ সংরক্ষণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| সাব-এসিস্ট্যান্ট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার (গ্রেড-১০) | ১০ (দশ) | ০৭ (সাত) | ০২ (দুই) | ০৫ (পাঁচ) | ০১ (এক) | ইতোমধ্যে ০২ (দুই)টি 'সাব-এসিস্ট্যান্ট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার' (গ্রেড-১০) শূন্য পদ সরাসরি পদ্ধতিতে পূরণের লক্ষ্যে গত ০৯.০৮.২০২৬ তারিখে ১৫৩ নং স্মারকমূলে অত্র মন্ত্রণালয় হতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়। |

শর্তাবলী:

(ক) উল্লিখিত পদ পূরণের ক্ষেত্রে যদি আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে, কোন রীট/মামলা বিচারাধীন থাকে, কোন মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে তবে আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিধি মোতাবেক শূন্যপদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে।

(খ) শূন্য পদ পূরণের প্রস্তাবে সংখ্যায় কোন গরমিল থাকার কারণে কোন পদে অতিরিক্ত লোক নিয়োগ পেলে সেক্ষেত্রে ভুল তথ্য প্রদানকারী দায়ী থাকবে।

(গ) অর্গানোগ্রাম ও পদ সৃষ্টির আদেশে বর্ণিত পদনাম অনুযায়ী অনুমোদিত নিয়োগবিধি অনুসরণপূর্বক প্রতি শ্রেণীর পদের বিপরীতে মঞ্জুরিকৃত পদসংখ্যার ভিত্তিতে পদপূরণ করতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

(ঘ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১০/০৫/৯৯ তারিখের সম (এসপি)-৫৮/৯৯-২১০ নং পরিপত্রের ৩(খ) অনুচ্ছেদ অনুযায়ী এই ছাড়পত্রের বৈধতার মেয়াদ সর্বোচ্চ ০১ (এক) বছর। উক্ত পরিপত্রের ৩(ঘ) অনুযায়ী ছাড়পত্রের মেয়াদের মধ্যে নিয়োগ প্রক্রিয়ার সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং উক্ত পরিপত্রের ৩(গ) অনুযায়ী নির্দিষ্ট সময় সীমার মধ্যে পদ পূরণে অসমর্থ হলে নতুন করে ছাড়পত্র গ্রহণ করতে হবে।

(ঙ) ছাড়কৃত পদগুলি পূরণ করার ক্ষেত্রে প্রচলিত নিয়োগবিধি, শূন্যপদ পূরণ সংক্রান্তে সরকারের অপারপর যাবতীয় বিধি-বিধান/আদেশ এবং আনুষ্ঠানিকতা অবশ্যই যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করতে হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

(চ) ছাড়কৃত পদগুলি পূরণ করার ১৫ দিনের মধ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বহিরাগমন-৪ শাখা এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও গবেষনা কোষকে অবহিত করতে হবে।

মোহাম্মদ নুরুজ্জামান
উপসচিব
ফোন: ০২-৫৫১০১১৩৯
ই-মেইল: immigration4@moha.gov.bd

মহাপরিচালক
বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা

স্মারক নং- ৪৪.০০.০০০০.০০০.১৩৭.১১.০০০২.২০.১৫৯/ক

তারিখ: ০২ ভাদ্র ১৪৩৩ / ১৭ আগস্ট ২০২৬

অনুলিপি:

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৪. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৫. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৬. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭. অফিস কপি/মস্টার কপি

মোহাম্মদ নুরুজ্জামান
উপসচিব

N(New Appointment(A M E)